
Nagorikata: Civic Engagement Fund (CEF)

# সাম্য ও সমতার বাংলাদেশ

## জনগণের অংশগ্রহণে টেকসই উন্নয়ন



সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
Centre for Policy Dialogue (CPD)



Photo by Masudar Rahman

## পটভূমি

সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক প্রেক্ষাপট বিবেচনায় নিলে বাংলাদেশের দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর জীবন যেন তীব্র বৈষম্য ও বঞ্চনার এক ধূসর চিত্র। সামাজিক সুরক্ষা কর্মসূচি, কৃষি সহায়তা, সুপেয় পানি-সেনিটেশন-স্বাস্থ্য এবং খাদ্য সহায়তার মতো বিভিন্ন সরকারি সেবা পাওয়ার ক্ষেত্রেও এই পিছিয়ে পড়া জনগোষ্ঠী অনেক সময়ই বৈষম্যের শিকার হয়। নারী ও যুব সমাজের ক্ষেত্রে এই সমস্যা বেশি দেখা যায়। এই অবস্থাকে আরও জটিল করে তোলে দুর্বল শাসনব্যবস্থা ও জবাবদিহিতার অভাব। বর্তমান নীতিমালা ও প্রাতিষ্ঠানিক কাঠামো অনগ্রসর ও দরিদ্র জনগোষ্ঠীকে অগ্রাধিকার দিলেও চাহিদার তুলনায় তা অপ্রতুল। শ্রমবাজারে নারীরা সক্রিয়ভাবে অংশগ্রহণ করলেও নেতৃত্বের পদে তাদের প্রতিনিধিত্ব এখনও নগণ্য। একইভাবে রাজনৈতিক প্রক্রিয়ায় সাধারণ নাগরিকদের, বিশেষ করে নারী ও যুব এবং পিছিয়ে পড়া জনগোষ্ঠীর অংশগ্রহণ সীমিত থাকায় তাদের কণ্ঠস্বর জাতীয় পর্যায়ে পৌঁছায় না। বাংলাদেশ ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ হলেও বিশেষ করে অভীষ্ট ৫-জেন্ডার সমতা এবং অভীষ্ট ১৬-শান্তি, ন্যায়বিচার এবং কার্যকর প্রতিষ্ঠান-এর অগ্রগতি আশানুরূপ নয়। এই প্রেক্ষাপটে নাগরিকতা কার্যক্রমটি তৃণমূলের জনগণ, স্থানীয় সরকার, স্থানীয় প্রশাসন, নাগরিক সমাজ এবং নাগরিক সংগঠনকে সাথে নিয়ে সমন্বিতভাবে কাজ করার মাধ্যমে একটি শান্তিপূর্ণ, ন্যায়ভিত্তিক ও অন্তর্ভুক্তিমূলক সমাজ গঠন করার উদ্যোগ নিয়েছে।

## কার্যক্রমের মূল লক্ষ্য

নাগরিকতা কার্যক্রমের সামগ্রিক লক্ষ্য হলো, প্রান্তিক জনগোষ্ঠীর ক্ষমতায়ন করা, স্থানীয় সরকার এবং প্রশাসনিক ব্যবস্থাকে শক্তিশালী করা এবং প্রমাণভিত্তিক নীতিনির্ধারণকে উৎসাহিত করা। যাতে টেকসই উন্নয়ন অভীষ্ট ৫-জেন্ডার সমতা এবং অভীষ্ট ১৬ - শান্তি, ন্যায়বিচার এবং কার্যকর প্রতিষ্ঠান অর্জন করা যায়।



# যেসব এলাকায় কার্যক্রম চলছে

**শেরপুর জেলা**


- শেরপুর সদর
- ঝিনাইগাতী
- নালিতাবাড়ী
- নকলা

**সুনামগঞ্জ জেলা**

- তাহিরপুর
- সুনামগঞ্জ সদর
- বিশ্বম্ভরপুর
- দোয়ারাবাজার

**বগুড়া জেলা**

- গাবতলী
- সারিয়াকান্দি
- শিবগঞ্জ
- শাজাহানপুর



**নোয়াখালী জেলা**

- নোয়াখালী সদর
- সুবর্ণচর
- বেগমগঞ্জ
- সোনাইমুড়ী

# যোগাযোগ এবং প্রচার

এই উদ্যোগের বিভিন্ন কার্যক্রম থেকে প্রকাশনা তৈরি করা হবে যেমন-গবেষণা প্রতিবেদন, তথ্যকণিকা, পলিসি ব্রিফ ইত্যাদি। সিপিডি'র ওয়েবসাইট এবং বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে এসব প্রকাশনার প্রচারণা চালানো হবে। এছাড়াও কার্যক্রমের খবর নিয়মিতভাবে বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে। প্রচারের একটি মাধ্যম হিসেবে মিডিয়াকে সক্রিয়ভাবে বিভিন্ন কার্যক্রমে যুক্ত করা হবে। এছাড়াও ছোট ছোট ভিডিও দিয়ে কার্যক্রম এবং এসডিজি অভীষ্ট নিয়ে সচেতনতা সৃষ্টি করার চেষ্টা করা হবে।

# কাঙ্ক্ষিত ফলাফল ও স্থায়িত্বশীলতা

এই কার্যক্রমের স্থায়িত্ব নিশ্চিত করতে নারী, যুব ও প্রান্তিক জনগোষ্ঠীসহ নাগরিক দলকে সামাজিক নিরীক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমে সক্রিয়ভাবে সম্পৃক্ত করা হবে। এতে অংশগ্রহণকারীরা নেতৃত্বের ভূমিকা পালন ও অধিকার আদায়ে সংগঠিত হবে। এই গ্রুপের সদস্যরা স্থানীয় সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবে, যা প্রকল্প সমাপ্তির পরও জবাবদিহিতা ও নাগরিক সম্পৃক্ততার একটি স্থায়ী ভিত্তি গড়ে তুলবে। নাগরিক দল গঠনের মাধ্যমে ভবিষ্যৎ সহযোগিতা ও অ্যাডভোকেসির জন্য একটি সহায়ক ব্যবস্থা তৈরি হবে। কমিউনিটি স্বেচ্ছাসেবক ও ফিল্ড কোঅর্ডিনেটররাও বিভিন্ন দক্ষতা অর্জন করবে এবং তাদের মাধ্যমে স্থানীয় নেতৃত্ব গড়ে উঠবে। এছাড়াও কার্যক্রমের ফলাফল নীতি নির্ধারণ পর্যায়ে প্রভাব রাখতে সক্ষম হবে বলা আমরা আশা করছি।



*Credit: Saha Tammal Photography/Shutterstock.com*

# কাজের ধরন ও কৌশল



**নাগরিক দল গঠন**

চারটি জেলার ১৬টি উপজেলায় নাগরিক দল গঠন করা হবে। নাগরিক দলগুলোতে মোট ৩২০ জন সদস্য এবং ১৬ জন কমিউনিটি স্বেচ্ছাসেবক থাকবে। এই সদস্যদের বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হবে যেন তাদের নাগরিক অধিকার, সরকারি সেবা, এসডিজি এবং স্থানীয় উন্নয়ন বিষয়ে তারা সচেতন হয়ে ওঠেন।



**সামাজিক নিরীক্ষা**

স্থানীয় প্রশাসন ও সেবা প্রতিষ্ঠানের জবাবদিহিতা নিশ্চিত করার জন্য নাগরিক দলগুলো সামাজিক নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করবে। সামাজিক নিরীক্ষা কার্যক্রম পরিচালনার পরে প্রাপ্ত ফলাফল নিয়ে নাগরিক দল নিজ নিজ জেলা পর্যায়ে স্থানীয় প্রশাসনের সাথে আলোচনা করবে।



**গবেষণা**

এসডিজি অভীষ্ট ৫ ও ১৬ বিষয়ে দুটি গবেষণা পরিচালনা করা হবে। সামাজিক জরিপের মাধ্যমে তথ্য সংগ্রহ করা হবে এবং স্থানীয় সামাজিক নিরীক্ষার ফলাফলকেও গবেষণায় অন্তর্ভুক্ত করা হবে।



**সংলাপ**

গবেষণার ফলাফল নিয়ে জাতীয় পর্যায়ে চারটি সংলাপের আয়োজন করা হবে। এছাড়াও কার্যক্রমের বিষয়ে সচেতনতা সৃষ্টি এবং প্রচারের জন্য জাতীয় দৈনিক পত্রিকার সাথে গোল টেবিল আলোচনার আয়োজন করা হবে এবং ক্রোড়পত্র আকারে তা প্রকাশ করা হবে।



**যুব সম্পৃক্ততা**

এই কার্যক্রমের বিভিন্ন পর্যায়ে যুবদের সম্পৃক্ত করা হবে। স্থানীয় নাগরিক দলের যুবরা সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। এসডিজি অভীষ্ট ৫ ও ১৬ বিষয়ে কার্টুন ও ছবি তোলা প্রতিযোগিতার আয়োজন করা হবে এবং জাতীয় পর্যায়ে প্রদর্শনীর আয়োজন করা হবে।



**জাতীয় সম্মেলন**

কার্যক্রমের শেষ পর্যায়ে একটি জাতীয় সম্মেলনের আয়োজন করা হবে। এই সম্মেলনে কার্যকালে যেসব কার্যক্রম পরিচালনা করা হয়েছে তা তুলে ধরা হবে। চারটি জেলা থেকে নাগরিক দলের ২০০ জন সদস্য এই সম্মেলনে অংশ নেবেন।

**৪ টি জেলা ১৬ টি উপজেলা**

**৩২০ জন নাগরিক দলের সদস্য**

**১৬ টি সামাজিক নিরীক্ষা, স্থানীয় প্রশাসনের সাথে ৪ টি আলোচনা**

**১২৮ টি স্থানীয় সভা, ২ টি গবেষণা, ৪ টি সংলাপ,**

**২ টি গোলটেবিল আলোচনা, ২ টি কার্টুন এবং ছবিতোলা প্রতিযোগীতা,**

**৪০০ জন অংশগ্রহণকারী নিয়ে ১ টি জাতীয় সম্মেলন**

## বাস্তবায়নকারী সহযোগী সংগঠন

উচ্চ দারিদ্র্যের হার, প্রাকৃতিক দুর্যোগের প্রবণতা (বন্যা, হাওর ও উপকূলীয় অঞ্চলের দুর্যোগ) এবং দরিদ্র নারী ও যুবকদের উপস্থিতির জন্য পরিচিত এমন চারটি জেলা বগুড়া, শেরপুর, সুনামগঞ্জ ও নোয়াখালীতে এই কার্যক্রম পরিচালিত হবে। এই কার্যক্রমে চারটি বেসরকারি উন্নয়ন সংস্থা সহযোগী প্রতিষ্ঠান হিসেবে কাজ করছে।

বিস্তারিত তথ্যের জন্য স্ক্যান করুন

**সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)**
**Centre for Policy Dialogue (CPD)**

### যোগাযোগ

সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি)
বাড়ি ৪০/সি, সড়ক নং ১১ (নতুন)
ধানমন্ডি, ঢাকা - ১২০৯, বাংলাদেশ
ফোন: (+৮৮ ০২) ৪১০২১৭৮০ - ২
ফ্যাক্স: (+৮৮ ০২) ৪১০২১৭৮৩
ই-মেইল: info@cpd.org.bd
ওয়েবসাইট: www.cpd.org.bd